গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.৩২২১.০০০.১৪.০৯৯.২৪-৯২৬ তারিখঃ ২৬/০৫/২০২৫ ইং।

# "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বরা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন ফুলছড়ি ইউনিয়নের (১) ফুলছড়ি ইউনিয়ন পরিষদ হেড কোয়ার্টার হতে কালুর পাড়া খেয়া ঘাট রাস্তায় অবস্থিত ০১ টি জ্বরাজীর্ণ বক্স কালভার্ট, (২) ফুলছড়ি মৌজার চান মিয়ার বাড়ি হতে নুরুজ্জামানের বাড়ি (ফুলছড়ি মৌজা) [রোড আইডিঃ ১৩২২১৪০৪৭] রাস্তায় অবস্থিত ০১ টি জ্বরাজীর্ণ কালভার্ট এবং (৩) পূর্ব ফুলছড়ি নতুন হাট হতে খেয়া ঘাট ভায়া আদর্শ গ্রাম [রোড আইডিঃ ১৩২২১৪০৫০] রাস্তায় অবস্থিত ০১ টি জ্বরাজীর্ণ আরসিসি ব্রীজ অপসারণ করা হবে। উক্ত জ্বরাজীর্ণ আরসিসি ব্রীজ এবং কালভার্ট অপসারণের পর আরসিসি ব্রীজ এবং কালভার্ট হতে প্রাপ্ত এমএস রডসহ যাবতীয় পরিত্যাক্ত মালামাল বিক্রয়ের নিমিত্তে আগামী ০২/০৬/২০২৫ ইং তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তিগণকে যথাসময়ে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। এ ব্যাপারে বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে।

প্রকাশ থাকে যে, নিলাম ডাকে অংশগ্রহণ করার পূর্বে ডাককারীকে প্রত্যেকটি সড়কের জন্য আলাদাভাবে জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ জমা দিতে হবে যা ফেরৎযোগ্য এবং ডাক শেষে সর্বোচ্চ ডাককারীকে নিলাম মূল্যের সমুদয় অর্থ নগদ জমা দিতে হবে। ডাককারীকে ডাক মূল্যের অতিরিক্ত ৫% আয়কর ও ১০% ভ্যাট জমা দিতে হবে। ০৩ (তিন) দিনের মধ্যে সমূদয় অর্থ জমা না দিলে জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে। সম্পূর্ন অর্থ জমা হওয়ার পর সর্বোচ্চ নিলাম ডাককারীকে কার্যাদেশ প্রদানের ০৩ (তিন) দিনের মধ্যে নিলামকৃত মালামাল অপসারণ করতে হবে। যে কোন কারন ব্যতিরেকে ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

নিলাম ডাক গ্রহণকারী কমিটিঃ

| | | |
|---|---|---|
| ০১। | জনাব জগৎবন্ধু মন্ডল, প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি। | সভাপতি |
| ০২। | জনাব সুমন কুমার দেবনাথ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলছড়ি। | আহ্বায়ক |
| ০৩। | জনাব মোহাম্মদ আব্দুল হাদী, উপ-সহকারী প্রকৌশলী, পিআইও অফিস, ফুলছড়ি। | সদস্য |
| ০৪। | জনাব ............................................ চেয়ারম্যান, ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি। | সদস্য |

২৬/০৫/২৫
(সুমন কুমার দেবনাথ)
উপজেলা প্রকৌশলী
ও
আহ্বায়ক
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
ফুলছড়ি, গাইবান্ধা।
ফোনঃ ০২-৫৮৯৯৮৫২১৬
ue.fulchari@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলঃ

০১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা, গাইবান্ধা।
০২। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৩। অফিসার ইনচার্জ, ফুলছড়ি থানা, ফুলছড়ি, গাইবান্ধা।
০৪। জনাব ..........................................................................................
০৫। নোটিশ বোর্ড।

SOHEL_D:\LGED\Fulchari Office\Milon Letter\Letter-2021.Docx Page No-929